



# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ জানুয়ারি ২০১৪/০২ মাঘ ১৪২০

নং ০৪.৬১১.০০৬.০০.০১১.২০১১-০৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত  
মন্ত্রিসভা কমিটিসমূহ গঠন করেছে :

- (ক) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক);
- (খ) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (গ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঘ) জাতীয় পুরক্ষার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঙ) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

২। উপর্যুক্ত মন্ত্রিসভা কমিটিসমূহের গঠন, এগুলিকে সহায়তাদানকারী কর্মকর্তাগণের তালিকা, কমিটিসমূহের কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং এ সকল কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট ‘ক’ হতে ‘ঙ’-তে প্রদত্ত হল।

৩। যে সকল ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ ব্যতিরেকে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ মন্ত্রিসভা কমিটিসমূহের সাচিবিক সহায়তা প্রদান করবে, সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রিসভা কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত হওয়ার তিন দিনের মধ্যে এর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগ) প্রেরণ করতে হবে।

( ৩৯১ )

মূল্য : টাকা ১৬.০০

৪। মন্ত্রিসভা কমিটিসমূহের যে সকল সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পেশ করার আবশ্যিকতা রয়েছে, সেগুলি মন্ত্রিসভায় পেশ করতে হবে। অন্যান্য সুপারিশ রুলস অব বিজনেস অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করতে হবে।

৫। এতদ্সংক্রান্ত বিষয়ে পূর্বেকার মন্ত্রিসভা কমিটিসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞ্চা

মন্ত্রিপরিষদ সচিব

পরিশিষ্ট-ক

## জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

## (ক) কমিটির গঠন :

ক্রমিক নং	নাম ও পদবি	দায়িত্ব
১.	শেখ হাসিনা প্রধানমন্ত্রী	চেয়ারপারসন
২.	জনাব আবুল মাল আবদুল মুহিত মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	বিকল্প চেয়ারম্যান
৩.	জনাব আমির হোসেন আমু মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
৪.	জনাব তোফায়েল আহমেদ মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
৫.	বেগম মতিয়া চৌধুরী মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৬.	জনাব আবদুল লতিফ সিদ্দিকী মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
৭.	সৈয়দ আশরাফুল ইসলাম মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য
৮.	খন্দকার মোশাররফ হোসেন মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
৯.	ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য
১০.	জনাব ওবায়দুল কাদের মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয়	সদস্য
১১.	জনাব আনিসুল ইসলাম মাহমুদ মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
১২.	জনাব শাজাহান খান মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়	সদস্য
১৩.	জনাব আ হ ম মুস্তফা কামাল মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
১৪.	জনাব এম, এ, মান্নান প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	সদস্য
১৫.	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী	সদস্য

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৩) সচিব, পরিকল্পনা বিভাগ
- (৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- (৫) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- (৬) সচিব, অর্থ বিভাগ
- (৭) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- (৮) পরিকল্পনা কমিশনের সদস্যগণ
- (৯) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

**(গ) নির্বাহী কমিটির কার্যপরিধি :**

- (১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) বিবেচনা ও অনুমোদন;
- (২) সরকারি খাতে ২৫ (পঁচিশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সংবলিত প্রকল্পসমূহে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন;
- (৩) উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- (৪) বেসরকারি উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণযুক্ত বিনিয়োগ কোম্পানিসমূহের প্রস্তাব বিবেচনা;
- (৫) দেশের অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ এবং সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড ও এর সঙ্গে সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা;
- (৬) বৈদেশিক সহায়তার বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) নির্বাহী কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ নির্বাহী কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।